# সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৪২৭৭

৩২/ যুদ্ধ-বিগ্রহ (كتاب الملاحم)

পরিচ্ছেদঃ ১৫. দাজ্জালের গোয়েন্দা সম্পর্কে।

باب فِي خَبَرِ الْجَسَّاسَةِ

আরবী

حَدَّثَنَا وَاصِلُ بْنُ عَبْدِ الأَعْلَى، أَخْبَرَنَا ابْنُ فُضَيْلٍ، عَنِ الْوَلِيدِ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ جُمَيْعٍ، عَنْ أَبِي سَلَمَةَ بْنِ عَبْدِ الرَّحْمَنِ، عَنْ جَابِرٍ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم ذَاتَ يَوْمٍ عَلَى الْمِنْبَرِ " إِنَّهُ بَيْنَمَا أُنَاسٌ يَسِيرُونَ فِي الْبَحْرِ فَنَفِدَ طَعَامُهُمْ فَرُفِعَتْ لَهُمْ جَزِيرَةٌ فَخَرَجُوا يُرِيدُونَ الْخُبْزَ فَلَقِيَتْهُمُ الْجَسَّاسَةُ " . قُلْتُ لأَبِي سَلَمَةَ وَمَا الْجَسَّاسَةُ قَالَ امْرَأَةٌ تَجُرُّ شَعْرَ جِلْدِهَا وَرَأْسِهَا . قَالَتْ فِي هَذَا الْقَصْرِ فَذَكَرَ الْحَدِيثَ وَسَأَلَ عَنْ نَخْلِ بَيْسَانَ وَعَنْ عَيْنِ زُغَرَ قَالَ هُوَ الْمَسِيحُ فَقَالَ لِي ابْنُ أَبِي سَلَمَةَ إِنَّ فِي هَذَا الْحَدِيثِ شَيْئًا مَا حَفِظْتُهُ قَالَ شَهِدَ جَابِرٌ أَنَّهُ هُوَ ابْنُ صَيَّادٍ قُلْتُ فَإِنَّهُ قَدْ مَاتَ . قَالَ وَإِنْ مَاتَ . قُلْتُ فَإِنَّهُ أَسْلَمَ . قَالَ وَإِنْ أَسْلَمَ . قُلْتُ فَإِنَّهُ قَدْ دَخَلَ الْمَدِينَةَ . قَالَ وَإِنْ دَخَلَ الْمَدِينَةَ .

বাংলা

৪২৭৭. ওয়াসিল ইব্‌ন আবদুল ’আলা (রহঃ) .... জাবির (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ ’একবার রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মিম্বরের উপর আরোহণ করেন, তারপর বলেনঃ কিছু লোক সমুদ্রে ভ্রমণকালে তাদের খাবার ফুরিয়ে যায়। তখন তারা খাদ্যের অন্বেষণে এক দ্বীপে গিয়ে উপস্থিত হলে, তাদের সাথে এক গোয়েন্দা রমণীর দেখা হয়।

রাবী ওয়ালীদ (রহঃ) বলেনঃ আমি তখন আবূ সালামা (রাঃ)-কে জিজ্ঞাসা করেঃ ঐ গোয়েন্দা রমণী কে ছিল? তিনি বলেনঃ সে এমন এক মহিলা ছিল, যে তার দেহের ও মাথার চুল টেনে ছিড়ছিল। সে মহিলা (তাদের) বলেঃ তোমরা এই প্রাসাদে প্রবেশ কর। এরপর পূর্বোক্ত হাদীছের অনুরূপ হাদীছ বর্ণনা প্রসংগে বলেনঃ তখন সে (দাজ্জাল) ’বায়সান’ নামক স্থানের খেজুর ও যাআর নামক কুপ সম্পর্কে জিজ্ঞাসা করে।

রাবী বলেনঃ সে-ই দাজ্জাল। আবূ সালামা (রাঃ) আমাকে বলেন, জাবির (রাঃ) এ হাদীছ সম্পর্কে আরো অনেক কিছু বর্ণনা করেন, যা আমার মনে নেই।

জাবির (রাঃ) বলেনঃ দাজ্জাল হলো ইব্ন সাঈদ, (যে মদীনার লোক ছিল এবং নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ও তাকে দেখেছিলন)। তখন আমি বলিঃ সে তো মারা গেছে? তিনি বলেনঃ যদিও সে মারা গেছে! আমি বলিঃ সে তো ইসলাম কবূল করেছিল? তিনি বলেনঃ যদিও সে ইসলাম কবূল করেছিল! আমি বলিঃ সে তো মদীনাতে প্রবেশ করেছিল? তিনি বলেনঃ যদিও সে মদীনাতে প্রবেশ করেছিল!

## English

Narrated Jabir ibn Abdullah:

The Messenger of Allah (ﷺ) said one day from the pulpit: When some people were sailing in the sea, their food was finished. An island appeared to them. They went out seeking bread. They were met by the Jassasah (the Antichrist's spy).

I said to AbuSalamah: What is the Jassasah? He replied: A woman trailing the hair of her skin and of her head. She said: In this castle. He then narrated the rest of the (No. 4311) tradition. He asked about the palm-trees of Baysan and the spring of Zughar. He said: He is the Antichrist. Ibn Salamah said to me: There is something more in this tradition, which I could not remember. He said: Jabir testified that it was he who was Ibn Sayyad.

I said: He died. He said: Let him die. I said: He accepted Islam. He said: Let him accept Islam. I said: He entered Medina. He said: Let him enter Medina.

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=36383

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন